
কালের কণ্ঠ

আপডেট : ৬ ডিসেম্বর, ২০১৬ ২২:১১

প্রশিক্ষণ

# বিনা মূল্যে প্রশিক্ষণ, সঙ্গে চাকরি

অর্থ মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত স্কিলস ফর এমপ্লয়মেন্ট অ্যান্ড ইনভেস্টমেন্ট প্রোগ্রামের (সেপ) আওতায় বেকারদের কর্মমুখী বিষয়ে বিনা মূল্যে প্রশিক্ষণ দেবে চার প্রতিষ্ঠান। প্রশিক্ষণ শেষে চাকরির বিষয়ে সহায়তাও করা হবে। খোঁজ জানাচ্ছেন ফরহাদ হোসেন




**বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণকেন্দ্র, ঢাকা**

সেপ প্রকল্পের আওতায় কারিগরি সাত বিষয়ে প্রশিক্ষণ দেবে বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণকেন্দ্র। ছয় মাস মেয়াদি বিনা মূল্যের এসব প্রশিক্ষণ কোর্স শেষে দেওয়া হবে বৃত্তি। প্রকাশিত বিজ্ঞপ্তি থেকে জানা যায়, ইলেকট্রিক্যাল, প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিংস, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং এবং ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন কোর্সে ভর্তির যোগ্যতা জেএসসি পাস। গ্রাফিকস ডিজাইন ও মিড লেভেল গার্মেন্ট সুপারভাইজার কোর্সের জন্য এসএসসি এবং কোয়ালিটি কন্ট্রোল সুপারভাইজার কোর্সের জন্য এইচএসসি পাস হতে হবে। প্রতিদিন দুটি শিফটে এবং প্রতি ট্রেডে নেওয়া হবে ৩০ জন করে। আবেদনপত্র সংগ্রহ ও জমা দেওয়া যাবে ১৫ ডিসেম্বর পর্যন্ত। আবেদনপত্রে শিফটের সময় উল্লেখসহ শিক্ষাগত যোগ্যতা প্রমাণের সত্যায়িত ফটোকপি, পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্র বা জন্মনিবন্ধন সনদের কপি আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে। ৮০ শতাংশ উপস্থিতির ভিত্তিতে প্রত্যেক প্রশিক্ষণার্থী মাসিক এক হাজার টাকা এবং ষষ্ঠ

মাসে এক হাজার ৫০০ টাকা ভাতা পাবেন। যোগাযোগ : বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণকেন্দ্র, মিরপুর-২, ঢাকা। মোবাইল : ০১৯৫১-১২৭২৬৭, ০১৮১৮-৯৯৭৫৭৯।

## শেখ ফজিলাতুন্নেসা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণকেন্দ্র, ঢাকা

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো পরিচালিত জানুয়ারি-জুন ২০১৭ সেশনে বিভিন্ন ট্রেডে মহিলাদের বিনা মূল্যে প্রশিক্ষণ দেবে শেখ ফজিলাতুন্নেসা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণকেন্দ্র। প্রশিক্ষণকেন্দ্রের অধ্যক্ষ ফৌজিয়া শাহনাজ জানান, চারটি বিষয়ে দেওয়া হবে এই প্রশিক্ষণ। সমাজের সুবিধাবঞ্চিত ও অনগ্রসর বেকার যুবতীদের, যারা নিজেদের দক্ষ কর্মী হিসেবে গড়ে তুলতে চায় তাদের অগ্রাধিকার দেওয়া হবে। কম্পিউটার ট্রেডের বিভাগীয় প্রধান শহীফা হোসনা জানান, ওয়েব ডিজাইন ও গ্রাফিকস ডিজাইন কোর্সে নেওয়া হবে ৩০ জন করে। আবেদনের জন্য যোগ্যতা এসএসসি। কোর্স দুটির বিষয়ে বিস্তারিত জানা যাবে ০১৭১৬০১৮১৬৫ নম্বরে। সুইং মেশিন অপারেটর ও মিড লেভেল সুপারভাইজার কোর্সে আবেদনের যোগ্যতা ন্যূনতম অষ্টম শ্রেণি পাস। বিনা খরচে দেওয়া হবে এই প্রশিক্ষণ। প্রশিক্ষণ শেষে ছয় হাজার ৫০০ টাকা ভাতা দেওয়া হবে। বিস্তারিত জানা যাবে ০১৬৮০১৫০৮১৬ নম্বরে। ওয়েব ডিজাইন ও গ্রাফিকস ডিজাইন কোর্সটি শেষে এন্ট্রি লেভেলে ওয়েব ডিজাইনার হিসেবে চাকরি এবং অনলাইনে আউটসোর্সিংয়ের কাজের সুযোগ রয়েছে। সুইং মেশিন অপারেটর কোর্সটি শেষে দক্ষরা গার্মেন্ট বা এ-সংক্রান্ত চাকরির এবং মিড লেভেল সুপারভাইজার কোর্সটি শেষে কোয়ালিটি কন্ট্রোলার, মিড লেভেল সুপারভাইজার পদে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কাজের সুযোগ পেতে পারে। প্রশিক্ষণ শেষে জব প্লেসমেন্ট সেলের মাধ্যমে চাকরির বিষয়ে সহায়তা করা হবে। ফরম বিতরণ চলবে ১৫ ডিসেম্বর পর্যন্ত। www.skilledbangladesh.info/dhaka_mohila লিংকেও পাওয়া যাবে ভর্তি ফরম। যোগাযোগ : শেখ ফজিলাতুন্নেসা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণকেন্দ্র, টেকনিক্যাল মোড়, মিরপুর রোড, দারুস সালাম, ঢাকা—১২১৬।

## কারিগরি প্রশিক্ষণকেন্দ্র, কুমিল্লা

সেপ প্রকল্পের আওতায় কারিগরি ছয় বিষয়ে প্রশিক্ষণ দেবে কারিগরি প্রশিক্ষণকেন্দ্র (টিটিসি), কুমিল্লা। বিনা মূল্যের এ প্রশিক্ষণ কোর্সগুলো পরিচালনা করবে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো। প্রশিক্ষণ শেষে দেওয়া হবে বৃত্তি। প্রকাশিত বিজ্ঞপ্তি থেকে জানা যায়, গ্রাফিকস ডিজাইন, ক্যাড (২ডি, ৩ডি), প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং, রড বাইন্ডিং, ওয়েল্ডিং ও ইলেকট্রিক্যাল বিষয়ে ছয় মাসের এসব কোর্সে ভর্তির ন্যূনতম যোগ্যতা অষ্টম শ্রেণি পাস। আবেদনপত্র সংগ্রহ ও জমা দেওয়া যাবে ১৯ ডিসেম্বর পর্যন্ত। বয়স ১৫ বছর থেকে সর্বোচ্চ ৪০ বছরের মধ্যে। বাছাই পরীক্ষা নেওয়া হবে ২১ ডিসেম্বর সকাল ১০টায়। উত্তীর্ণরা ভর্তি হতে পারবে ২৫ ডিসেম্বরের মধ্যে। মোট দুই শিফটে দেওয়া হবে প্রশিক্ষণ। সকালের শিফট শুরু হবে সাড়ে ৮টায় এবং দুপুরের শিফট শুরু হবে আড়াইটায়। আবেদনপত্রে শিফটের সময় উল্লেখসহ শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ফটোকপি, পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্র বা জন্মনিবন্ধন সনদের কপি আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে। যোগাযোগ : কারিগরি প্রশিক্ষণকেন্দ্র, কোটবাড়ী, কুমিল্লা। ফোন : ০৮১-৬৫৬৬২।

## ফেনী কম্পিউটার ইনস্টিটিউট

ইনস্টিটিউটের ইনস্ট্রাকটর হেলাল উদ্দিন জানান, সরকারের সেপ প্রকল্পের আওতায় ছয় মাসমেয়াদি ওয়েব ডিজাইন, আইটি সাপোর্ট টেকনিশিয়ান এবং গ্রাফিকস ডিজাইন কোর্সে প্রশিক্ষণ দেবে ফেনী কম্পিউটার ইনস্টিটিউট। কোর্স শেষে দেওয়া হবে বৃত্তি ও চাকরি। মহিলা, প্রতিবন্ধী, দুস্থ ও হতদরিদ্রদের অগ্রাধিকার

দেওয়া হবে। ওয়েব ডিজাইন ও গ্রাফিকস ডিজাইন কোর্সে প্রতি ব্যাচে নেওয়া হবে ৬০ জন করে। যোগ্যতা এসএসসি। আইটি সাপোর্ট টেকনিশিয়ান কোর্সে নেওয়া হবে ৬০ জন এবং যোগ্যতা অষ্টম শ্রেণি পাস। ফরম সংগ্রহ ও জমা দেওয়া যাবে ১২ ডিসেম্বর বিকেল সাড়ে ৫টা পর্যন্ত। হেলাল উদ্দিন জানান, লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রশিক্ষণার্থী বাছাই করা হবে। আইটি সাপোর্টের পরীক্ষা ১৩ ডিসেম্বর, ওয়েব ডিজাইনের পরীক্ষা ১৪ ডিসেম্বর এবং গ্রাফিকস ডিজাইনের পরীক্ষা ১৫ ডিসেম্বর সকাল ১০টায় হবে। উত্তীর্ণদের তালিকা প্রকাশ করা হবে ১৮ ডিসেম্বর। আবেদন ফরম পাওয়া যাবে ইনস্টিটিউটের ভর্তি শাখায়। এ ছাড়া ইনস্টিটিউটের ওয়েবসাইটেও (www.fci.gov.bd) পাওয়া যাবে আবেদন ফরম। আবেদনপত্রের সঙ্গে শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি, পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্র বা জন্মনিবন্ধন সনদের কপি জমা দিতে হবে। কোর্স শেষ করলে সাড়ে ছয় হাজার টাকার বৃত্তি দেওয়া হবে। যোগাযোগ : ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, নতুন রানীরহাট, ফেনী। মোবাইল : ০১৮১৫-৬৪৫২২৩, ০১৮৫৮-৮৮৮৭৯৭।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,
উপদেষ্টা সম্পাদক : অমিত হাবিব,
ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।
বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com